AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date: 20-03-2026 **Desk in Charge: SDG**
Time: 1-30 PM **Edit. & Compile : Prajesh B.**
DEO: KB **NRT: Srijit M.**

বিশেষ বিশেষ খবর –

১/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বৃন্দাবনে রামকৃষ্ণ মিশন সেবাশ্রম হাসপাতালে অনকলোজি বিভাগের উদ্বোধন করেছেন।

২/ উপসাগরীয় অঞ্চলে জ্বালানি কেন্দ্রগুলির ওপর হামলার ঘটনায় ভারতের গভীর উদ্বেগ।

পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেদ্র মোদীর বার্তালাপ।

৩/ ইসরায়েল আজ পুনরায় তেহরানের ওপর হামলা চালিয়েছে।

৪/ কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রক ভারতে ‘রেয়ার আর্থ পার্মানেন্ট ম্যাগনেট উৎপাদন কেন্দ্র’ স্থাপনের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করেছে।

৫/ ভারত ২০২৮ সালে প্রথমবারের জন্য বিশ্ব ইনডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ প্রতি□াগিতা আয়োজন করতে চলেছে।

****

উত্তরপ্রদেশ সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বৃন্দাবনের রামকৃষ্ণ মিশন সেবাশ্রম হাসপাতালের নবনির্মিত নন্দ কিশোর সোমানি অঙ্কোলজি বিভাগের উদ্বোধনী করেছেন। এর আগে, তিনি বৃন্দাবনে নিব করোরী বাবার সমাধিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। উদিয়া বাবা আশ্রম এবং দাবানল কুণ্ডও পরিদর্শন করেন রাষ্ট্রপতি।

(□□□□- রাষ্ট্রপতি)

সন্ধ্যায়, রাষ্ট্রপতি, প্রবীণ নাগরিক, নারী ও শিশুদের দেখভাল করার সংগঠন ‘বাৎসল্য গ্রাম’ পরিদর্শন করবেন। রাষ্ট্রপতির সফরকে কেন্দ্র করে এই বৃন্দাবনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

****

উপসাগরীয় অঞ্চলে জ্বালানি কেন্দ্রগুলির ওপর সাম্প্রতিক হামলায় ভারত গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল গতকাল নতুন দিল্লিতে সাংবাদিকদের জানান, এই ধরনের হামলা একেবারেই গ্রহণ□োগ্য নয় এবং অবিলম্বে বন্ধ হওয়া উচিত। তিনি বলেন, জ্বালানি সরবরাহ নিয়ে বড় ধরনের উদ্বেগ তৈরি হয়েছে, কারণ সংঘাতের ফলে জাহাজ চলাচলও প্রভাবিত হচ্ছে।

(বাইট – জয়সওয়াল)

হরমুজ প্রণালীতে অবস্থানরত নাবিকদের প্রসঙ্গে শ্রী জয়সওয়াল জানান, বর্তমানে হরমুজ প্রণালীতে ভারতের ২২টি জাহাজ রয়েছে, □েগুলোতে মোট ৬১১ জন নাবিক রয়েছেন। তিনি বলেন, ভারত সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে নিয়মিত □োগা□োগ বজায় রেখে চলেছে এবং বেশ কয়েকজন নাবিক ইতোমধ্যে দেশে ফিরেও এসেছেন।

****

পশ্চিম এশিয়ায় উদ্ভূত উত্তেজনা পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল একাধিক দেশের রাষ্ট্রপ্রধানদের সঙ্গে বার্তালাপ করেন।

ফ্রান্সের প্রেসিডেন্ট ইম্যানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে আলাপচারিতার পর সমাজমাধ্যমের এক পোস্টে প্রধানমন্ত্রী জানান, মধ্যপ্রাচ্যে দ্রুত সংঘর্ষ-বিরতি প্রয়োজন বলে উভয় নেতাই সহমত হয়েছেন। তিনি বলেন, ওই অঞ্চলে শান্তি ও স্থিতাবস্থা ফেরাতে তাঁরা পারস্পরিক আলোচনা আগামীদিনেও চালিয়ে □াবেন।

ওমানের সুলতান হাইতাম বিন তারিকের সঙ্গে কথোপকথনের পর সমাজমাধ্যমে প্রধানমন্ত্রী জানান, মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতাবস্থা সুনিশ্চিত করতে আলোচনা ও কুটনীতিই একমাত্র পথ বলে তাঁরা ঐকমত্যে পৌঁছেছেন। ওমানের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতা লঙ্ঘনের ঘটনার কড়া নিন্দা করেন প্রধানমন্ত্রী। অসংখ্য ভারতীয় সহ সহস্রাধিক নাগরিককে সুরক্ষিতভাবে দেশে ফেরানোর জন্য ওমানের প্রচেষ্টার প্রশংসাও করেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী গতকাল মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে আসন্ন ঈদ উৎসবের অগ্রিম শুভেচ্ছা জানান। পশ্চিম এশিয়ার উত্তেজনা পরিস্থিতি আশু প্রশমনের ব্যাপারে তাঁরা আলাপ-আলোচনা করেন।

জর্ডনের রাজা দ্বিতীয় আবদুল্লাহ-র সঙ্গেও এবিষয়ে বার্তালাপ করেন প্রধানমন্ত্রী।

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির সঙ্গে গতকাল টেলিফোনে কথা বলেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ে□, কাতারের সঙ্গে সংহতির কথা পুনরব্যক্ত করার পাশাপাশি পশ্চিম এশিয়ার সংঘাতের আবহে এই অঞ্চলের জ্বালানি পরিকাঠামোতে হামলার ভারত তীব্র নিন্দা করে বলে জানান। তিনি সে দেশে ভারতীয় সম্প্রদায়ের প্রতি □ত্নবান হওয়ার ও সহায়তার জন্য কাতারের আমিরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এই অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় থাকবে বলে আশা প্রকাশ করেন। শ্রী মোদী আরও বলেন ে□, ভারত ও কাতার উভয়ই হরমুজ প্রণালীর মধ্য দিয়ে নিরাপদ ও অবাধ নৌ-চলাচলের বিষয়ে একমত।

প্রধানমন্ত্রী মো□□ কাতারের আমির ও কাতারের জনগণকে ঈদের শুভেচ্ছা জানান।

****

ইসরায়েল আজ পুনরায় তেহরানের ওপর বিমান হামলা চালিয়েছে। রাজধানী তেহরানের বিভিন্ন এলাকা থেকে বিস্ফোরণের খবর পাওয়া গেছে। পারস্য নববর্ষ নওরোজের দিন এই বিমান হামলার ফলে □ুদ্ধ পরিস্থিতি আরো ঘোরালো হয়ে উঠেছে। ইরানের প্রাকৃতিক গ্যাস উৎপাদন কেন্দ্রগুলির ওপর নতুন করে হামলা না চালানোর ঘোষণার এক দিন পরেই আজ আবার এই আক্রমণ চলেছে। এদিকে আজ খুব ভোরে দুবাইয়েও বিস্ফোরণের ঘটনা ঘটেছে। ঈদ উল ফিতরের প্রার্থনা চলাকালীন সেখানে এই বিমান হামলার ঘটনা ঘটে।

অন্যদিকে, ইরান আজও ইসরায়েলের হাইফা ও গ্যালিলিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে বলে জানা গেছে। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে গতকাল এক জরুরি বৈঠকে উপসাগরীয় দেশগুলি তাদের ওপর হামলা না চালানোর জন্য ইরানের কাছে আবেদন জানায়।

****

ব্রিটেন, ফ্রান্স, জার্মানি, ইতালি, নেদারল্যান্ডস এবং জাপান হরমুজ প্রণালী দিয়ে নিরাপদে জাহাজ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে উপ□ুক্ত প্রচেষ্টায় সামিল হতে সম্মত হয়ে জানিয়েছে, তারা বিশ্বের জ্বালানি বাজার স্থিতিশীল করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের দপ্তর থেকে প্রকাশিত এক ে□থ বিবৃতিতে, এই রাষ্ট্রনেতারা ইরানের হামলার তীব্র নিন্দা জানিয়েছেন এবং ইরানকে অবিলম্বে তাদের কা□কলাপ বন্ধ করার আহ্বান জানিয়েছেন। হরমুজ প্রণালীকে

কোনওভাবে অবরুদ্ধ করার প্রচেষ্টা থেকে ইরানকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন। আন্তর্জাতিক জাহাজ চলাচলে এ ধরনের হস্তক্ষেপ এবং বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ শৃঙ্খলে ব্যাঘাত সৃষ্টি আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে হুমকিস্বরূপ বলে উল্লেখ করেন তাঁরা। এর আগে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিশ্বের অন্যান্য শক্তিধর দেশ এবং ন্যাটো জোটের প্রতি আহ্বান জানিয়েছিলেন, তারা □ন হরমুজ প্রণালীটি বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য পুনরায় উন্মুক্ত করতে সহায়তা করে।

****

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যান মন্ত্রী জে পি নাড্ডা মুখগহ্বরের স্বাস্থ্য বিষয়ে সচেতন হওয়ার জন্য মানুষের কাছে আবেদন জানিয়েছেন। বিশ্ব মুখগহ্বর স্বাস্থ্যদিবস উপলক্ষে এক সোশ্যাল মিডিয়া পোস্টে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী আহ্বান জানিয়ে বলেছেন, মিষ্টি খাবার কম খাওয়া ও নিয়মিত দাঁত পরিষ্কার ও চেক আপ করানোর মতো সাধারণ স্বাস্থ্য সচেতনতা বজায় রাখলে অনেক সমস্যা এড়িয়ে চলা সম্ভব। মুখগহ্বরের স্বাস্থ্য বিষয়টি একজন মানুষের সামগ্রিক স্বাস্থ্যের সঙ্গে জড়িত বলে তিনি মন্তব্য করেছেন। আজকের দিনে এই বিষয়ে সচেতনতা গড়ে তোলার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের কাছে আহ্বান জানিয়েছেন।

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ রবিবার**, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা □াবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা □াবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

****

ভারী শলি্প মন্ত্রক, রয়োর আর্থ, পার্মানন্েট ম্যাগনটে উৎপাদন কন্েদ্র স্থাপনরে জন্য আন্তর্জাতকি টন্েডার আহবান করছে। বদি্যুৎ চালতি গাড়ী, বায়ু শক্ত‌ি উৎপাদন, বদৈ্যুতনি ও বমিানরে যন্ত্রাংশ এবং প্রতরিক্ষা সরঞ্জাম উৎপাদনরে ক্ষত্েরে গুরুত্বপুর্ন উপাদান হসিাবে এই চুম্বক ব্যবহৃত হয়। মন্ত্রক সূত্রে জানান হয়ছে, প্রত‌ি বছর ৬ হাজার মট্েরকি টন

চুম্বক উৎপাদনরে জন্য দরপত্র আহবান করা হয়ছে। কন্দ্রেীয় পাবলকি প্রকওিরমন্টে পোর্টালরে মাধ্যমরে অনলাইন দুই দফায় স্বচ্ছতার সঙ্গে বরাত নর্িধারন করা হব। আজ থকেইে অনলাইন এই দরপত্ররে নথি পাওয়া যাব। প্রধানমন্ত্রী নরন্দ্রে মোদীর পৌরহত্যি গতবছর নভম্বের মাস কন্দ্রেীয় মন্ত্রসিভার বঠৈক এই প্রকল্পটি অনুমোদতি হয়। এর জন্য ৭ হাজার ২০০ কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়ছে।

****

সন্ত্রাসবাদকে সমর্থন বন্ধ না করলে পাকিস্তানের সঙ্গে সিন্ধু জল চুক্তি রুপায়ন স্থগিত থাকবে বলে ভারত পুনরায় জানিয়েছে। আসন্ন বিশ্ব জল দিবস উদযাপনের অঙ্গ হিসেবে রাষ্ট্রসংঘের এক অনুষ্ঠানে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেছেন, মানব জীবনের মর্যাদা দেওয়ার পরই পাকিস্তান সিন্ধু জল চুক্তি নিয়ে কথা বলতে পারে। তিনি জানান , ১৯৬০ সালে ভারত পাকিস্তানের সঙ্গে সিন্ধু নদীর জল ভাগাভাগি নিয়ে এই চুক্তি করলেও, পাকিস্তান যুদ্ধ এবং সন্ত্রাসবাদের মধ্য দিয়ে বিশ্বাসভঙ্গের কাজ করেছে।

(বাইট - পি হরিশ)

****

মার্কিন আইনপ্রণেতারা আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য কর্মসংস্থান কর্মসূচিকে সুরক্ষা দিতে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিল উত্থাপন করেছেন। দক্ষ মেধার জন্য বিশ্বজুড়ে তীব্র প্রতিযোগিতার এই সময়ে, ভারতসহ বিভিন্ন দেশের হাজার হাজার বিদেশি স্নাতকদের মার্কিন যুক্তরাষ্ট্রে ধরে রাখাই এই বিলের মূল লক্ষ্য। প্রতিনিধি সভার সদস্য স্যাম লিকার্ডো, জে ওবারনোল্টে এবং ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক রাজা কৃষ্ণমূর্তি 'কিপ ইনোভেটরস ইন আমেরিকা অ্যাক্ট' প্রকাশ করেছেন। এই আইনের মাধ্যমে 'অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিং' (OPT) কর্মসূচিকে আনুষ্ঠানিকভাবে আইনে রুপ দেওয়া হবে, যা শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয় এবং নিয়োগকর্তাদের জন্য দীর্ঘমেয়াদী নিশ্চয়তা প্রদান করবে।

****

বেলারুশের প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কো গতকাল ওয়াশিংটনের সঙ্গে একটি চুক্তির শর্ত হিসেবে ২৫০ জন রাজনৈতিক বন্দিকে মুক্তি দেওয়ার নির্দেশ দিয়েছেন; এই চুক্তির লক্ষ্য হলো, সে-দেশের ওপর মার্কিন যুক্তরাষ্ট্রের আরোপিত বেশ কয়েকটি

নিষেধাজ্ঞা প্রত্যাহার করা। বেলারুশের রাজধানী মিনস্কে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বেলারুশ বিষয়ক বিশেষ দূত জন কোলের সঙ্গে বৈঠকের পর লুকাশেঙ্কো ওই বন্দিদের ক্ষমা প্রার্থনা মঞ্জুর করেন।

উল্লেখ্য, সম্প্রতি বেলারুশ বেশ কয়েকজন রাজনৈতিক বন্দিকে মুক্তি দিয়েছে। তাঁদের মধ্যে নোবেল শান্তি পুরস্কার বিজয়ী আলেস বিয়ালিয়াতস্কিও রয়েছেন। দেশটির অন্যতম শীর্ষস্থানীয় মানবাধিকার সংগঠন ভিয়াসনা জানিয়েছে, বর্তমানে বেলারুশে এগারোশোরও বেশি রাজনৈতিক বন্দি রয়েছেন।

****

বিদেশমন্ত্রকের পূর্বাঞ্চলীয় সচিব পি কুমারন গতকাল নতুন দিল্লিতে কম্বোডিয়ার বিদেশ ও আন্তর্জাতিক সহ□োগিতা প্রতিমন্ত্রী থাই সোভানারাতানাতোর নেতৃত্বাধীন এক প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎ করেন। সমাজমাধ্যমের এক পোস্টে বিদেশমন্ত্রক জানিয়েছে, কম্বোডিয়ার কূটনীতিকদের প্রশিক্ষণ দেওয়া সহ আরও নানাভাবে সে-দেশের সক্ষমতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণের ব্যাপারে তাঁরা মতবিনিময় করেছেন। বাণিজ্য ও বিনিয়োগ ক্ষেত্রে সহ□োগিতা সম্প্রসারণ, ঐতিহ্য সংরক্ষণ এবং পারস্পরিক উন্নতির স্বার্থে দ্বিপাক্ষিক অংশীদারিত্ব সহ আরও নানা বিষয়ে কথা বলেন তাঁরা।

****

অরুণাচল প্রদেশের ইউপিয়াতে আগামী ২৫শে মার্চ থেকে অনূর্ধ্ব-২৩ ত্রিদেশীয় আন্তর্জাতিক ফুটবল প্রতি□োগিতা অনুষ্ঠিত হবে। ভারত, ভুটান ও তাজিকিস্তান এই তিন দেশ প্রতি□োগিতায় অংশ নেবে। ভারতের কিংবদন্তি ফুটবলার সুনীল ছেত্রী এই প্রতি□োগিতার উদ্বোধন করবেন। ৩১শে মার্চ প□ন্ত চলবে এই প্রতি□োগিতা।

****